

সংক্ষেপে

বেসু অধিগ্রহণ করবে কেন্দ্র

নয়াদিল্লি : শিবপুরের 'বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি' (বেসু) কলেজ অধিগ্রহণের সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় সরকার। এই অধিগ্রহণের জন্য চলতি বাজেট অধিবেশনে বিল আনছে কেন্দ্রীয় সরকার। এই বিল সংসদে পেশ করার আগে 'বেসু' অধিগ্রহণের সিদ্ধান্ত কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে অনুমোদিত হবে। কেন্দ্রীয় সরকার অধিগ্রহণের পর এই ডিমড্ বিশ্ববিদ্যালয়ের নতুন নাম হবে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং সায়েন্স অ্যান্ড টেকনোলজি (আইআইইএসটি)। এজন্য কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন দফতর একটি নোটও তৈরি করেছে। অর্থমন্ত্রী প্রণব মুখোপাধ্যায় শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজ অধিগ্রহণের জন্য বাজেটে পনেরো কোটি টাকা বরাদ্দও করেছেন।

বেসু অধিগ্রহণের সিদ্ধান্ত কেন্দ্রের

গৌতম লাহিড়ী • নয়াদিল্লি

১ মার্চ : শিবপুরের 'বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি' (বেসু) অধিগ্রহণের সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় সরকার। এই অধিগ্রহণের জন্য চলতি বাজেট অধিবেশনে বিল আনছে কেন্দ্রীয় সরকার। এই বিল সংসদে পেশ করার আগে 'বেসু' অধিগ্রহণের সিদ্ধান্ত কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে অনুমোদিত হবে। কেন্দ্রীয় সরকার অধিগ্রহণের পর এই ডিমড বিশ্ববিদ্যালয়ের নতুন নাম হবে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং সায়েন্স অ্যান্ড টেকনোলজি (আইআইইএসটি)। এজন্য কেন্দ্রীয়

মানব সম্পদ উন্নয়ন দফতর একটি নোটও তৈরি করেছে। অর্থমন্ত্রী প্রণব মুখোপাধ্যায় শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজ অধিগ্রহণের জন্য বাজেটে পনেরো কোটি টাকা বরাদ্দও করেছেন। কেন্দ্রীয় অর্থমন্ত্রী প্রণব মুখোপাধ্যায়কে অধিগ্রহণের বিষয়ে প্রশ্ন করা হলে বলেন, 'বেসু'-র ঐতিহ্য রয়েছে। কিন্তু রাজ্যের নিয়ন্ত্রনে থাকায় এই কলেজ সঠিকভাবে চলছে না। তাই অধিগ্রহণ করার সিদ্ধান্ত। বস্তুত, ঐতিহ্যশালী এই শিক্ষাপ্রতিষ্ঠানে গত কয়েক বছরে ছাত্র সংঘর্ষের ঘটনা ঘটেছে। প্রশাসনিক স্তরে তৈরি হয়েছে নানান সংকটও। তাই কেন্দ্র এই অধিগ্রহণের সিদ্ধান্ত নিল।